বিশুদ্ধ
আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**
প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,
বি-এ, কবিরত্ন।
ঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ∕০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের [illegible] প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ∕১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২২শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৩ ইংরাজী 5th June. 1946 { ৪র্থ সংখ্যা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৫৪** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৶০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাণ্ডো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাণ্ডো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য **"হিন্দুস্থানের"** কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**নূতন বীমা—১৯৪৫**
**১২ কোটী টাকার উপর**

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্ঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২২শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৬ সাল

## জঙ্গিপুর সহরের ৩ মাইল দূরবর্ত্তী কাঁকুড়িয়া গ্রামে ডাকাতি

### গৃহস্বামী কর্ত্তৃক জনৈক ডাকাত নিহত

গত ৪ঠা জুন মঙ্গলবার রাত্রি আন্দাজ ২ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত কাঁকুড়িয়া গ্রামের জমিদার শ্রীযুক্ত মণিমোহন চৌধুরী মহাশয়ের বাড়ীতে প্রায় ২৫।২৬ জন ডাকাত তেতালায় উঠিয়া মণিবাবুর পুত্র অনিলবাবু যে ঘরে সস্ত্রীক শয়ন করিয়াছিলেন সেই ঘরে লোহার ডাণ্ডা, মশাল প্রভৃতি লইয়া প্রবেশ করে। অনিলবাবুর সহধর্ম্মিনীর গাত্রালঙ্কার নির্দ্দয়ভাবে খুলিয়া লইয়া যখন পলায়ন করিতেছিল—মণিবাবু তাঁহার শয়নকক্ষের বারান্দা হইতে বন্দুকের গুলি করেন। একজন ডাকাত গুলি লাগিয়া খিড়কী পুকুরের ঘাটে পড়িয়া যায়। যখন লোক-জন আসিয়া তাহাকে দেখিতে পাইল তখন তাহার মৃত্যু হইয়াছে। রঘুনাথগঞ্জ থানার পুলিশ তদন্ত আরম্ভ করিয়াছে।

## খাদ্য ব্যবসায়ী দণ্ডিত

নিয়ন্ত্রিত মূল্য আঠার টাকা চৌদ্দ আনা স্থলে পঞ্চাশ টাকা মূল্যে এক বোতল হোয়াইট লেবেল স্কচ্ হুইস্কি বিক্রয় করার অপরাধে ১৪৮, বৌবাজার ষ্ট্রীটের সা ওয়ারেন এণ্ড কোম্পানীর ম্যানেজার নরেন্দ্রকুমার সাহা ও দ্বারকা নাথ সা অতিরিক্ত প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ কে, সি, ঘোষাল কর্ত্তৃক প্রত্যেকে এক হাজার টাকা অর্থদণ্ড, অনা-দায়ে ছয় মাসের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছে।

## ভারতের জন্য অষ্ট্রেলিয়ার আলু

ভারতে আলুর অভাব দূর করিবার জন্য অষ্ট্রেলিয়ার গভর্ণমেণ্ট ৫০০০ টন আলু দিতে স্বীকৃত হইয়াছেন।

## সব্জী বাগান

### জুন মাসের কার্য্যসূচি

বর্ষাকালে যে সমস্ত শাকসব্জী উৎপন্ন হয়, বর্ষার পরেও যদি তাহা পাইতে চাহেন, তবে জুন মাসের মাঝামাঝি সময় পর্য্যন্ত বীজ বপন করিতে হইবে। তৎপরে বীজ বপন করিলে অঙ্কুরোদ্গমের সময় উহার ক্ষতি হইতে পারে। সীমের বীজ এই মাসেই বপন করিতে হয়। বর্ষাকালীন বেগুন ও মরিচের চারা এ মাসের শেষ পর্য্যন্ত রোপণ করা যাইতে পারে। শীতকালীন বেগুন ও মরিচের বীজও এই মাসে বপন করা চলে।

পালং শাকের বীজও এই মাস হইতে বপন করা যায়। এই মাসে টক বেগুনের বীজ বপন করিলে অক্টোবর-নবেম্বর মাসেই টক বেগুন পাওয়া যাইবে। জল দাঁড়াইতে পারে না এরূপ জমি বাছিয়া লইয়া বর্ষাকালেই টক বেগুনের চারা রোপণ করিতে হয়। জলা জমিতে টক বেগুন ফলে না। স্যাঁতসেঁতে জমিও টক বেগুনের উপযোগী নহে।

জুন মাসের তৃতীয় সপ্তাহে অত্যধিক বারিপাতের পূর্ব্বেই সব রকম শাকসব্জার জমি হইতে আগাছা উৎপাটন করিতে হইবে। বর্ষার সময় জমিতে আগাছা থাকিলে চারাগাছগুলি বাড়িতে পারে না। কারণ এই সময়েই সব রকম আগাছা অতিমাত্রায় বৃদ্ধি প্রাপ্ত হয়।

এই মাসের তৃতীয় বা চতুর্থ সপ্তাহে বর্ষা আরম্ভ হইলে জমিতে আর সার দেওয়া উচিত নহে। কারণ সার ধুইয়া যাইতে পারে। বর্ষা আরম্ভ হইবার আগেই সার দেওয়ার কাজ শেষ করা দরকার। এই মাসের প্রথমার্দ্ধে মাঝে মাঝে বৃষ্টি হইতে পারে বলিয়া আশা করা যায়। কাজেই এই মাসে জল সেচনের বিশেষ প্রয়োজন হইবে না। সাময়িকভাবে বৃষ্টি বন্ধ থাকলে আবশ্যক মত জল সেচন করিতে হইবে। বৃষ্টি একবার আরম্ভ হইলে জল সেচন বন্ধ করিয়া দিতে হইবে এবং জল সেচনের পরিবর্ত্তে জল নিকাশের দিকে মনোযোগ দিতে হইবে। শাকসব্জীগুলির সারিতে আইল প্রস্তুত করিলে এবং প্রয়োজন মত গভীর করিয়া একটি বড় নালা খনন করিয়া উহার সহিত আইল সমূহের মধ্যবর্ত্তী জল নির্গমের পথগুলিকে সংযুক্ত করিলে জল নিকাশের সুবিধা হইবে। এপ্রিল বা মে মাসে যে শাকসব্জীর চাষ করা হইয়াছে তাহার জন্য বিশেষ কিছু করিতে হইবে না। শাকসব্জীগুলি যাহাতে লতাইয়া উঠিতে পারে তাহার ব্যবস্থা করিতে হইবে। বর্ষারম্ভের সঙ্গে সঙ্গে জল নিকাশের পথও প্রস্তুত করিতে হইবে। মার্চ্চ এপ্রিল মাসে যে সমস্ত শাকসব্জীর বীজ বপন করা হইয়াছে এই মাস হইতে তাহার গাছগুলি পূর্ণতাপ্রাপ্ত হইয়া ফলিতে আরম্ভ করিবে। শাকসব্জী চাষের জন্য যদি আরও কিছু জানিতে ইচ্ছা করেন তবে নিকটবর্ত্তী কৃষিবিভাগের কর্ম্ম-চারীর পরামর্শ গ্রহণ করুন।

## কাঁচড়াপাড়ায় যক্ষা হাসপাতাল

১লা জুলাই হইতে কাঁচড়াপাড়ায় ৫০০ শয্যাসমন্বিত একটি যক্ষা হাসপাতাল বাঙলা গভর্ণমেণ্ট কর্ত্তৃক পরিচালিত হইবে। এই হাসপাতাল স্থাপনের জন্য ঔষধপত্র, যন্ত্রপাতি ও প্রয়োজনীয় সাজসরঞ্জামসহ তথাকার মার্কিন সামরিক হাসপাতালটি ক্রয় করা হই-য়াছে। যুদ্ধোত্তর কালে চিকিৎসাব্যবস্থার প্রসারের জন্য বাঙলা গভর্ণমেণ্টের পরি-কল্পনানুযায়ী এই হাসপাতাল প্রতিষ্ঠিত হইয়াছে। হাসপাতালটি মনোরম স্থানে অবস্থিত এবং ইহাতে আধুনিক পদ্ধতিতে চিকিৎসার সুব্যবস্থা করা হইয়াছে। এখানে নার্স ও ডাক্তারগণ যক্ষারোগের চিকিৎসা সম্পর্কে শিক্ষালাভ করিবেন।

আশা করা যাইতেছে যে, কলিকাতা ও নিকটবর্ত্তী স্থানের রোগীরা এই হাসপাতাল দ্বারা বিশেষ উপকৃত হইবে।

## পল্লী উন্নয়ন কার্য্যে সরকারী সাহায্য

বর্ত্তমান বৎসরে বাঙলা দেশে জনস্বাস্থ্য ও পল্লী উন্নয়ন সংক্রান্ত প্রচারকার্য্য চালাইবার জন্য বেঙ্গল সোশ্যাল সার্ভিস লীগকে সর-কারী তহবিল হইতে ১,৫০০৲ টাকা মঞ্জুর করা হইয়াছে।

## ঢাকায় চাউলের ঘাটতি পূরণের ব্যবস্থা

ঢাকা জেলায় চাউলের অভাব পূরণের জন্য স্থানীয় কর্ম্মচারিগণকে সরকারী ষ্টক হইতে চাউল বিতরণ করিতে নির্দ্দেশ দেওয়া হইয়াছে। প্রয়োজন হইলে ঢাকায় আরও চাউল আমদানী করা হইবে। আশা করা যায় যে, এই ব্যবস্থায় ঢাকায় চাউলের মূল্য হ্রাস পাইবে।

---

## বর্দ্ধমান জেলায় দাঙ্গাহাঙ্গামা সম্পর্কে

### খান বাহাদুর মহম্মদ আলীর বিবৃতি

কালনা ও কাটোয়া মহকুমার সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা সম্পর্কে এক বিবৃতিতে অর্থ, জনস্বাস্থ্য ও স্বায়ত্তশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী খান বাহাদুর মহম্মদ আলী বলিয়াছেন যে বর্দ্ধমান জেলায় যে সমস্ত দুর্ঘটনা ঘটিয়াছে তজ্জন্য উভয় সম্প্রদায়েরই অত্যন্ত দুঃখিত হওয়া উচিত। এই সমস্ত দুর্ঘটনার জন্য কাহার দায়িত্ব কতখানি সে সম্পর্কে কোন অভিমত প্রকাশ না করিলেও হাঙ্গামায় লিপ্ত লোকদের মনোভাবের কঠোর নিন্দাবাদ না করিয়া পারা যায় না। দোষী ব্যক্তিগণ অবশ্যই শাস্তিলাভ করিবে। ইত্যবসরে এ কথা জানাইতে পারিয়া আমি আনন্দিত হইতেছি যে, পরিস্থিতি আয়ত্তে আনা হইয়াছে এবং স্বাভাবিক অবস্থা পুনরায় ফিরিয়া আসিতেছে। গত রবিবার হইতে কোন হাঙ্গামা হয় নাই। বর্দ্ধমান পরিদর্শনকালে আমি লক্ষ্য করিয়াছি যে, পুলিশ বাহিনীর উপস্থিতির দরুণ দাঙ্গাহাঙ্গামা অঞ্চলে লোকদের আতঙ্কের ভাব অনেকটা প্রশমিত হইয়াছে। উপদ্রুত অঞ্চলে টহলদার পুলিশ বাহিনী প্রেরিত হইয়াছে। আমি জেলা মুসলিম লীগের সেক্রেটারী ও কংগ্রেস কর্ম্মীদের সহিত সাক্ষাৎ করিয়াছি। জেলা ম্যাজিষ্ট্রেট আমাকে জানাইয়াছেন যে, উভয় সম্প্রদায়ের প্রতিপত্তিশালী ব্যক্তিগণ পুনরায় শান্তি ও সদ্ভাব স্থাপনের চেষ্টা করিতেছেন।

---

## নববধূর ভাগ্য বিড়ম্বনা

### পতিগৃহে যাত্রাপথে স্বামীর মৃত্যু

অদৃষ্টের নিষ্ঠুর পরিহাসে একটি নববধূ বিবাহের পর প্রথম স্বামীগৃহ ছাপরায় যাত্রাপথে বিধবা হইয়াছেন এবং স্বামীর খণ্ড বিখণ্ড মৃতদেহ লইয়া বরযাত্রীদল সহ তাঁহাকে ছাপরায় পৌছিতে হইয়াছে।

মৃত ব্যক্তির নাম বি, মঙ্গলেশর প্রসাদ বয়স ২৫ বৎসর। তিনি পাটনা হাইকোর্টের একজন আইনজীবী ছিলেন। সম্প্রতি মুজাঃফরনগরে বিবাহ করিয়া তিনি নববধূ সহ ট্রেনে ছাপরায় আসিতেছিলেন। প্রকাশ যে, সোনপুর ষ্টেশনকে ছাপরা ষ্টেশন মনে করিয়া তিনি সহসা জাগিয়া গাড়ীর দরজা খুলিয়া নামিবার চেষ্টা করিলে ট্রেনের চাকায় আটকাইয়া যান। কারণ ট্রেন তখনও চলিতেছিল। নববধূ ট্রেনের শিকল টানিলে ট্রেন থামিয়া যায় এবং মিঃ মঙ্গলেশর প্রসাদের দেহ খণ্ড বিখণ্ড অবস্থায় পাওয়া যায়। শেষ কার্য্যের জন্য দেহখণ্ডগুলি ছাপরায় আনা হইয়াছে।

---

## ঝড়ের ফলে ট্রেন সংঘর্ষ

সংযুক্ত প্রদেশের পশ্চিমাঞ্চল দিয়া প্রবল ঝড় বহিয়া যাওয়ার সময় মিটার-গজ লাইনের সোনারি ষ্টেশনে দুইটি ওয়াগনের মধ্যে সংঘর্ষ হয়। ফলে পাঁচ জন নিহত ও আট জন আহত হয়। ওয়াগন দুইটি মাল খালাস করিবার জন্য ইয়ার্ডে রাখা হইয়াছিল।

---

## ক্যাম্বেল মেডিক্যাল স্কুল

জানা গিয়াছে যে, কলিকাতার ক্যাম্বেল মেডিকেল স্কুলকে মেডিক্যাল কলেজে পরিণত করা হইবে। বাঙলা সরকারের বিল্ডিং এণ্ড ওয়ার্কস ডিপার্টমেন্ট এই সম্পর্কে প্রয়োজনীয় নূতন গৃহাদি নির্ম্মাণের পরিকল্পনা করিতেছেন।

---

## নেতাজী ভবন

শ্রীযুক্ত শরৎচন্দ্র বসু তাঁহার অপর দুই বন্ধু সহ নেতাজী সুভাষচন্দ্র বসুর ৩৮।২ এলগিন রোডস্থ বাড়ীর তিন-চতুর্থাংশ ক্রয় করিয়াছেন। শ্রীযুক্ত বসু জানাইয়াছেন যে, নেতাজী বসু গৃহত্যাগের পূর্ব্বে তিনি যে দুই ঘর ব্যবহার করিতেন, ঐ ঘর দুইটি বাদ দিয়া উক্ত বাড়ীতে আজাদ হিন্দ ফৌজের অফিসার ও সৈন্যদের বিশ্রামের ব্যবস্থা করা হইয়াছে। এই বাড়ীর নাম বর্ত্তমানে "নেতাজী ভবন" রাখা হইয়াছে। শ্রীযুক্ত বসু আরও জানাইয়াছেন যে, নেতাজী প্রত্যাবর্ত্তন করিলে তাঁহারই নির্দ্দেশানুযায়ী উক্ত বাড়ী ব্যবহৃত হইবে।

---

## মৃত্যুকর বিল

মৃত্যুকর সম্পর্কে কেন্দ্রীয় পরিষদে উত্থাপিত বিলটি জনমত সংগ্রহের জন্য প্রচারের ব্যবস্থা করা হইয়াছে। এই সম্পর্কে ব্যক্তিগত অথবা কোন প্রতিষ্ঠানের পক্ষ হইতে মতামত লিখিতভাবে আগামী ৩১শে জুলাই এর মধ্যে বাঙলা সরকারের ফিনান্স বিভাগে প্রেরণ করিতে হইবে। উক্ত বিলে এক লক্ষ টাকার উর্দ্ধ মূল্যের অকৃষিজাত সম্পত্তির উত্তরাধিকারীর উপর কর ধার্য্যের ব্যবস্থা করা হইয়াছে।

---

## চাউলের মূল্য বৃদ্ধি

বাঙলার বিভিন্ন স্থান হইতে চাউলের মূল্য বৃদ্ধির সংবাদ আসিতেছে। কোন কোন স্থানে বাজারে একেবারেই চাউল মিলিতেছে না। গত ১৩৫০ সালেও ঠিক এইরূপই অবস্থা ঘটিয়াছিল। তাহার পরিণাম যাহা ঘটিয়াছিল, তাহা কাহারও অবিদিত নহে। যাহাতে পুনরায় খাদ্যাভাবে লক্ষ লক্ষ লোকের অকালমৃত্যু ঘটিতে না পারে, তাহার জন্য গভর্ণমেন্টের এখনই উদ্যোগী হওয়া উচিত।

---

## ব্যাঘ্র ও বিড়ালের মহামারী

মেহেরপুরে ইতিপূর্ব্বে একটি ব্যাঘ্রকে মৃত অবস্থায় দেখিতে পাওয়া যায়। আর একটি ব্যাঘ্র নাকি মৃতপ্রায়। গৃহস্থগণের বিড়াল একের পর এক করিয়া মারা পড়িতেছে। স্থানীয় পশু চিকিৎসক রোগ নির্ণয় করিতে পারিতেছেন না।

---

(পর পৃষ্ঠা দেখুন)

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৭ই জুন ১৯৪৬

১৯৪৬ সালের ডিক্রীজারী

১১ অন্য ডিঃ গোবিন্দদাস নাথ দেং ত্রিনয়নী দাসী দাবি ৫৫৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ২-৩০ শতক নিষ্কর জমি আঃ ৫০৲ খং ২১৯ অধিনস্থ খং ২২০ হইতে ২২৭ পর্য্যন্ত। উক্ত সম্পত্তির ⅓ নিলাম হইবে স্বত্ব মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী

১৯৪৫ সালের ডিক্রীজারী

১০ অন্য ডিঃ দুর্গাপদ চট্টোপাধ্যায় দেং অতুলকৃষ্ণ সরকার দিং দাবি ১৬৯।০ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ২৯ শতকের কাত ৩।১১ আঃ ৫৲ খং ১১ ২নং লাট মৌজাদি ঐ ১-২৬ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৪৬৫ ৩নং লাট মৌজাদি ঐ ৩ শতকের কাত ৬৲ আঃ ১৫৲ খং ১০৯

১২ অন্য ডিঃ ঐ দেং ঐ দাব ১১০।০ থানা সাগরদীঘি মৌজে বিজয়পুর ৬-২৯ শতকের কাত ১৪।৭ আঃ ২০৲ খং ৫৪১ অধিনস্থ ৫৪২


---

হাতে:কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।




**দি ওয়ার্ম ইণ্ডিকা** (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয় প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস

"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত